শৈলকুপায় ২ কোটি টাকারও বেশী হাতিয়ে নিয়ে লাপাত্তা এনজিও

শৈলকুপা পৌর এলাকার কবিরপুরের সিরাজুল ইসলামের স্ত্রী মৌসুমী আক্তার। সিরাক বাংলাদেশ নামক এক এনজিও থেকে ক্ষ্রুদ্র ঋণ নেওয়ার জন্য ১৫ হাজার টাকা জামানত জমা দিয়েছিলেন। হঠাৎ সোমবার সকালে ঘুম থেকে উঠে দেখেন অফিসের ভিতরে লাইট জ¦ললেও অফিসের প্রধান ফটকে তালা। পরে জানতে পারেন এনজিও উধাও। শুধু মৌসুমী আক্তারই না লোনের নামে টাকা হারিয়ে স্বল্প আয়ের কয়েক শত মানুষ হা -হতাশ করছেন অফিসের সামনে দাড়িয়ে। তারা জানান, আনুমানিক ২ কোটি টাকারও বেশী জামানতের টাকা নিয়ে রাতের আধারে পালিয়েছে এনজিওটির সদস্যরা। ঘটনাটি ঝিনাইদহের শৈলকুপার কবিরপুরে। পৌর এলাকার মধ্যে সাইনবোর্ড টানিয়ে এনজিওর নামে এমন আর্থিক লেনদেন করলেও নজরদারী ছিল না স্থানীয় প্রশাসনের। সমিতির সদস্যদের অভিযোগ এ ঘটনার পর তারা থানায় অভিযোগ দিতে গেলেও শুধু সমিতির নাম ঠিকানা নিয়েই বিদায় করেন তাদের।
কবিরপুরের মৌসুমী আক্তার বলেন, গত মাসের ২৫ তারিখে তাদের বাসার সামনে প্রবাসী আকবর আলীর বাসায় সিরাক বাংলাদেশ নামের একটি এনজিও ক্ষুদ্র ঋণ কার্যক্রমের জন্য বাসা ভাড়া নেয়। এসেই তাদের এক নারী সদস্য সহ ১০/১২ জন পাড়ায় পাড়ায় দ্রুত ঋণ দেওয়ার জন্য সদস্য সংগ্রহ করতে থাকে। ঋণের সুবিধা ছিল অন্য এনজিও থেকে অনেক সহজ। এ কারনে তিনি তার স্বামীর ব্যবসা আরো প্রসারিত করতে দেড় লাখ টাকা ঋণ নেওয়ার জন্য ১৫ হাজার টাকা জামানত জমা রাখেন তিনি। কিন্ত সোমবার জানতে পারেন এনজিওটি টাকা নিয়ে উধাও।
৬নং সারুটিয়া ইউনিয়নের চর মৌকুড়ি গ্রামের মসলেম মোল্যার ছেলে শফিকুল ইসলাম, নাদপাড়া গ্রামের বজলু মোল্যা, চরমৌকুড়ি গ্রামের ইদ্রিস আলী জানান, তারা ১ লাখ টাকা ঋণ নেওয়ার জন্য প্রত্যেকে ১০ হাজার টাকা জামানত রেখেছিলেন সিরাক বাংলাদেশে। কিন্ত তারা লোন না দিয়ে রাতের আধারে পালিয়ে যায়। তাদের অভিযোগ প্রতারনার পর তারা থানায় অভিযোগ দিতে গেলে শুধু এনজিও’র নাম ঠিকানা নিয়ে তারা বলেন তদন্ত করে দেখবেন। কিন্ত কোন অভিযোগ নেয়নি। সহজ ঋণ শর্ত দেখিয়ে তারা স্বল্প সময়ে ২ কোটিরও বেশী টাকা নিয়ে লাপাত্তা বলে জানান। তাদের অভিযোগ স্থানীয় কোন প্রতারক চক্র এরসাথে জড়িত থাকতে পােও বলে তাদের ধারনা।
সাতগাছি গ্রামের ফিরোজ বিশ^◌াস জানান, তিনি সিরাক বাংলাদেশ থেকে

লোন নেওয়ার জন্য ৫ হাজার টাকা জামানত জমা দেন। কিন্ত লোন না দিয়ে পালিয়ে গেছে এনজিওটি। তিনি আরো বলেন তাদের মত স্বল্প আয়ের কম পক্ষে ৩ শত সদস্য এ প্রতারনার শিকার বলে জানতে পারেন। ঋণের সহজ শর্ত ও মিষ্টি কথা ছিল প্রতারকদের প্রধান হাতিয়ার। সরেজমিনে কবিরপুরে এনজিওটির অফিস ঘুড়ে দেখা যায় প্রধান ফটকে তালা দেওয়া থাকলেও ভিতরে জ¦◌ালিয়ে রেখে গেছে বাতি। সাইনবোর্ডে লেখা রয়েছে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত। সিরাক বাংলাদেশ। ক্ষুদ্রঋণ দান ও কুঠির শিল্প প্রকল্প। যার সনদ নং ০০৩৫৬-০০৮৯৪-০০০৯১। ঋণের পাশ বইয়ে দেখা গেছে ‘‘শিক্ষা জাতির মেরুদন্ড’’ এবং কিছু শর্তের কথা।
কবিরপুরে এনজিওটির ভাড়া বাসার মালিক প্রবাসী আকবর আলীর কন্যা আয়শা আক্তার জানান, তাদের বাসা সিরাক বাংলাদেশ নামের একটি এনজিও ভাড়া নেয়। তাদের সাথে চলতি মাসের ৫ তারিখে চুক্তি হওয়ার কথা ছিল। কিন্ত তার আগেই অনেক গ্রাহকের টাকা নিয়ে তারা পালিয়ে গেছে। কবিরপুরের বাসিন্দা উজ্জল হোসেন জানান, তিনি প্রথম থেকেই বুঝতে পেরেছিলেন এরা প্রতারক। তার আপন ভাগনিও প্রতারনার স্বীকার হয়েছেন বলে জানান।
কবিরপুরের সিরাক বাংলাদেশ নামের এনজিওটি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা জানান, প্রতারনার স্বীকার কোন গ্রাহক হয়ত সিরাক বাংলাদেশ নামের প্রতিষ্ঠানের ঢাকা অফিসে যোগাযোগের পর ঢাকা অফিস থেকে তারা তাকে টেলিফোনে জানান তাদের প্রতিষ্ঠানের কোন ক্ষুদ্রঋণ কার্যক্রম নাই। শৈলকুপাতে যারা এ কাজটি করেছে তারা প্রতারক চক্র।
শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন সিরাক বাংলদেশ নামের এনজিও’র কোন গ্রাহক তাদের কাছে কোন অভিযোগ দেয়নি। অভিযোগ দিলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।
উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাসুদ আহম্মেদ জানান, শৈলকুপাতে সিরাক বাংলাদেশ নামের কোন এনজিও নিবন্ধিত না ঋণ কার্যক্রমের জন্য।

বঙ্গবন্ধু জাতীয় বয়সভিত্তিক

সাঁতার প্রতিযোগিতায় ঝিনাইদহের ১৩টি পদক অর্জণ

ঢাকায় অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ সুইমিং ফেডারেশনের ব্যবস্থাপনায় সাইফ পাওয়ারটেক “বঙ্গবন্ধু ৩৪তম জাতীয় বয়সভিত্তিক সাঁতার ও ডাইভিং প্রতিযোগিতায় স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জসহ ১৩ টি পদক অর্জণ করেছে ঝিনাইদহের পুর্বাঞ্চল সুইমিং ক্লাব ও ক্রীড়া সংস্থার ১১ জন সাতারু।
সম্প্রতি ঢাকার মিরপুরে সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্সে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ঝিনাইদহের পুর্বাঞ্চল সুইমিং ক্লাবের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও বাংলাদেশ সুইমিং ফেডারেশনের নির্বাহী সদস্য তরিকুল ইসলাম জানান, সাঁতার প্রতিযোগিতায় ঝিনাইদহের ১১ জন সাঁতারু অংশগ্রহণ করে। সারাদেশের বিভিন্ন জেলা ও ক্লাব থেকে ৬ শতাধিক সাঁতারু এই প্রতিযোগিতায় অংশ নেয়। খেলায় ঝিনাইদহ জেলা সারাদেশের মধ্যে ৬ষ্ঠ স্থান অর্জন করে।
তিনি আরও জানান, পুর্বাঞ্চল সুইমিং ক্লাবের সাতারু বৈশাখী খাতুন ১ টি স্বর্ণ, ৩ টি রৌপ্য ও ৩ টি ব্রোঞ্জ, তিশা খাতুন ১ টি স্বর্ণ, তিন্নি খাতুন ১ টি রৌপ্য ও ১ টি ব্রোঞ্জ ও জেলা ক্রীড়া সংস্থার সাঁতারু মিথিলা খাতুন ১ টি স্বর্ণ ও ২ টি রৌপ্য পদক অর্জন করেছে। ঝিনাইদহের এই টিমের কোচ’র দ্বায়িত্ব ছিলেন ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের ক্রীড়া শিক্ষক সুরাইয়া বেগম। ঝিনাইদহের সাঁতারুদের এই অর্জনে শুভেচ্ছা জানিয়েছেন ঝিনাইদহ সদর উপজেলার চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশীদ, নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমানসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

কে এম সালেহ
ঝিনাইদহ।
মোবাঃ ০১৭১২০৫৩৫৮৬

গাংনীতে শিশু অপহরণের সময় একজনকে গণপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ

রুটি,সন্দেশ ও সরকারি বাড়ি দেয়ার প্রলোভন দেখিয়ে শিশু কণ্যাকে অপহরণের সময়

মেহেরপুরের গাংনীর এলাঙ্গী গ্রামে মকবুল হোসেন(৫২) নামের একজন গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করেছেন স্থানীয় জনতা। অপরহণকারী ব্যাক্তি গাংনীর মাঠ পাড়ার সুরমান আলীর ছেলে। আজ বৃহষ্পতিবার (৭অক্টোবর) দুপুর আড়াইটার দিকে এ ঘটনা ঘটে।
শিশুকণ্যার পিতা ইয়াকুব আলী জানায়, তার শিশু কণ্যা নুসরাত জাহান (৯)বাড়ির পাশে খেলা করছিল। এসময় মকবুল হোসেন নামের ওই ব্যাক্তি আমার মেয়েকে পাউরুটি,সন্দেশ খাওয়ার জন্য দেয়। পড়ে ৭০ টাকা হাতের মুঠোই গুঁজে মোটর সাইকেলে চড়তে বলে। সে না উঠতে চাইলে জোর করে মোটরসাইকেলে উঠিয়ে গাংনীর উদ্দেশ্যে রওনা হয় মকবুল হোসেন। অনেক সময় পর বাড়িতে নুসরাতকে না পেয়ে আমাদের লোকজন বিভিন্ন এলাকায় খুঁজতে থাকে। একপর্যায়ে গাংনীর রাইপুর নামক বাজারে জনগন তাকে আটক করে। এসময় ইয়াকুব হোসেনের ব্যাগের মধ্যে পাউরুটি ও মোটর মেরামতের বিভিন্ন সরঞ্জাম পাওয়াই গণধোলাই দেয় স্থানীয় জনতা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, এলাঙ্গী গ্রামের ইয়াকুব আলীর তৃতীয় শ্রেণিতে পড়ুয়া শিশু কন্যা নুসরাতকে মিষ্টি ও পাউরুটির প্রলোভন দিয়ে নিজ মোটর সাইকেলে তুলে নেয় মকবুল হোসেন। এলাঙ্গী থেকে তুলে নিয়ে বিভিন্ন স্থানে ঘুরিয়ে রাইপুর বাজারে নিয়ে আসে। নুসরাতের পরিবারের লোকজন নুসরাতকে না পেয়ে খুজতে বের হয় এবং মকবুল হোসেনকে ধরে ফেলে। তাকে স্থানীয় এলাঙ্গী ক্যাম্পের সামনে নিয়ে লোকজন গণপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ করে। তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা প্রক্রিয়াধিন।

পরিবারের একমাত্র সম্বল ইজিবাইক হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে

একমাত্র বিদ্যুৎচালিত ইজিবাইক হারিয়ে শামীম বিশ্বাস ওরফে ডাবলু ও তার পরিবার এখন দিশেহারা হয়ে পড়েছে। পরিবার জুড়ে শুরু হয়েছে কান্নার রোল।
পরিবারের উপার্জনের একমাত্র সম্বল ইজিবাইকটি বুধবার (৬ অক্টোবর) দিবাগত মধ্যরাতের কোনো এক সময় বাড়ির প্রধান ফটকের তালাভেঙ্গে চুরি করে নিয়ে যায় চোরের দল।
এক বছর পূর্বে শামীম হোসেনের আরও একটি ইজিবাইক বাড়ির উঠান থেকে চুরি করে নিয়ে গেছিলো চোরের দল।
শামীম বিশ্বাসের স্ত্রী আমিরন নেছা জানান, গত বছর একটি ইজিবাইক চুরি করে নিয়েছিল চোর। এরপর এনজিও সংস্থা উদ্দীপনের কাছ থেকে ৬০ হাজার, ব্র্যাকের কাছ থেকে ৫০ হাজার টাকা ও ব্যুরো বাংলাদেশের কাছ থেকে ৩৫ হাজার টাকা ঋণ নিয়ে একটি নতুন ও একটি পুরানো ইজিবাইক কিনেছিলাম। প্রতি সপ্তাহে এসব এনজিওকে প্রায় ২৫ শ টাকা করে কিস্তি দিতে হয়। আমার স্বামী একজন এ্যাজমা রোগী। ইজিবাইকে ভাড়া মেরে যে টাকা আয় হয় তা দিয়ে কিস্তির টাকা পরিশোধ করতে হয়। আমি লোকের বাড়িতে ঝি’য়ের কাজ করে তিন সন্তান নিয়ে সংসার চালিয়ে আসছি। এর উপর এই মাসে ১০ হাজার টাকা বিদ্যুৎ বীল এসেছে। সমিতির লোকজন কিস্তির টাকা নিতে আসছে। সব মিলে আমার সংসার এখন দিশেহারা হয়ে পড়েছি।
আমিরন নেছা আরো জানান. আমার বাড়ির পাশেই চোরের বাড়ি। আমার বাড়িতে চুরি হওয়ার পর থেকেই তারা পলাতক রয়েছে। এ বিষয়ে থানায় লিখিত অভিযোগ দেওয়ার প্রস্ততি চলছে বলে জানান তিনি।
গাংনী থানার ওসি বজলুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

শিশুদের এখন কণ্যা শিশু বলা যাবেনা

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে ক্রেষ্ট বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ বৃহস্পতিবার (৭ অক্টোবর) দুপুরে দিকে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে পুরুস্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জাতীয় কন্যা শিশু এডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এমএন পাভেল, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক এএসএম সায়েম পল্টু। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি সিরাজুল ইসলাম।দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীনের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, অভিভাবক গোলাম আম্বিয়া, রক্তিমা খাতুন সেতু প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে ইউএনও মৌসুমী খানম বলেন, শিশুদের এখন কণ্যা শিশু বলা যাবেনা। সবাইকে মানুষ ভাবতে হবে। শিশুদের যোগ্য করে গড়ে তুললে পরিবার, দেশ ও জাতীর কল্যাণে তারাও কাজ করবে। গাংনী উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সহযোগিতায় জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম ও দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এ রচনা প্রতিযোগীতার আয়োজন করে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের তৃতীয় শ্রেনী থেকে পঞ্চম শ্রেনী পর্যন্ত ক বিভাগে আমার স্কুল বিষয় রচনা প্রতিযোগীতায় প্রথম স্থান অধিকার করে সূর্যোদয় স্কুলের ছাত্র জান্নাতুল নাইম পূর্ণ, দ্বিতীয় স্থান অধিকার করে ফুলকুড়ি শিশু শিক্ষালয়ের ছাত্র জিসান আহমেদ ফিজা, তৃতীয় স্থান অধিকার করে বানিয়াপুকুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী প্রভা খাতুন, খ-বিভাগ আমার স্বপ্ন বিষয়ে রচনা প্রতিযোগীতায় প্রথম স্থান অধিকার করেন গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী আহনাফ আহমেদ অয়ন, দ্বিতীয় স্থান অধিকার করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ফারজানা খাতুন জেনি, তৃতীয় স্থান অধিকার করেন একই বিদ্যালয়ের শিক্ষার্থী মাহবুবা রহমান উর্মি, গ বিভাগ সাম্প্রতিক সময়ে বাল্য বিবাহ

বৃদ্ধির মুল কারণ বিষয়ে রচনা প্রতিযোগীয় প্রথম স্থান অধিকার করেছেন জোড় পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তাসনিম ফারিহা, দ্বিতীয় স্থান অধিকার করেছেন গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী রাদিয়া ইসলাম রতনা ও তৃতীয় স্থান অধিকার করেছেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী মো: আনাম।

গাংনীতে কিশোর-কিশোরী ক্লাবে বাদ্যযন্ত্র ও খেলাধূলার সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাব ম্যানেজমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১২ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় আয়োজিত সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমী খানমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীন, জেলা কন্যশিশু অ্যাডভোকেসী ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম। স্বাগত বক্তব্যে এ ক্লাবের লক্ষ্য উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন ভারপ্রাপ্ত জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন। সভা শেষে উপজেলার নয়টি ইউনিয়ন ও একটি পৌরসভার মোট দশটি কিশোর-কিশোরী ক্লাবের কাছে বাদ্যযন্ত্র ও খেলাধূলার সামগ্রী বিতরণ করা হয়। সভায় উপস্থিত ছিলেন শিক্ষক, শিক্ষার্থী, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি ও কিশোর-কিশোরী ক্লাবের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে জাতীয় জন্ম-মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন করা হয়েছে। উপজেলা প্রশাসনের উদ্যোগে বুধবার জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইন্চার্জ (ওসি) মঈন উদ্দীন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা সহকারী প্রোগ্রামার মোঃ জিয়াউর রহমান, প্রেসক্লাব সভাপতি শেখ নজরুল ইসলাম।

সভায় কোটচাঁদপুর পৌর সভার সচিব এনামুল হক ও সেকেন্দার আলী সহ পাঁচ ইউনিয়নের সচিব এবং উদ্যোক্তারা জন্ম ও মৃত্যু নিবন্ধনে কাজের অভিজ্ঞতা তুলে ধরেন।

কোটচাঁদপুরে বিএনপি নেতার উপর হামলার ঘটনায় বিএনপির সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপুর উপর দুর্বৃত্তদের হামলার ঘটনায় সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে উপজেলা ও পৌর বিএনপির যৌথ আয়োজনে মেইন বাজার চৌরাস্তা মোড়ে পৌর বিএনপি’র কার্যালয়ে এ সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পৌর বিএনপি’র সভাপতি এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। এ

সময় দলীয় নেতা কর্মীসহ স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

বক্তব্যে সিডল বলেন, দু-একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া কোটচাঁদপুরের রাজনৈতিক প্রেক্ষাপট খুবই শান্ত। আমরা সকলে সহাবস্থানে বিশ্বাসী এবং সে ভাবেই সকলে চলাফেরা করি। অথচ গত সোমবার রাতে দলের সাংগঠনিক সম্পাদক মির্জা টিপুকে সন্ত্রাসীরা পিছন থেকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে পালিয়ে যায়। তিনি বলেন শাসক গোষ্ঠি অথবা নিজ দলের মধ্যে থাকা কেউ হয়ত কোটচাঁদপুরের পরিবেশকে অশান্ত করার পাঁয়তারা করছে। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, বিষয়টি নিয়ে আমরা অজ্ঞাত আসামী করে মামলা করেছি। এখন আপনারা (সাংবাদিক) এবং পুলিশ মিলে হামলাকারি কারা তা বের করে তাদের মুখোশ উন্মোচন করবেন বলে আমরা আশা রাখি।

সংবাদ সম্মেলন শেষে কার্যালয়ের সামনে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় পৌর বিএনপি’র সভাপতি এস,কে,এম সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন- থানা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, জেলা বিএনপি’র সদস্য আবুবক্কর বিশ্বাস, বিএনপি নেতা লিয়াকত আলী, আবুল কাশেম, হারুন অর রশিদ, আঃ রশিদ সরদার, একরামুল হক, মমিন মনোয়ার, মামুন। যুব নেতা আশরাফুজ্জামান খান মুকুল, ফয়েজ আহমেদ তুফান প্রমূখ। এসময় উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

কাজীপুর ইয়ুথ ইউনিট ফুটবল টূর্ণামেন্ট মিকদাদ একাদশের জয়

এসো তরুণ খেলার মাঠে, নিওনা মাদক হাতে” প্রতিপাদ্য নিয়ে কাজীপুর ইয়ুথ ইউনিট ফুটবল টূর্ণামেন্ট অনুষ্ঠিত হয়েছে।
বুধবার বিকালে কাজীপুর ডিগ্রী কলেজ মাঠে এ টূর্ণামেন্ট অনুষ্টিত হয়।

ই্য়ুথ এ্যান্ডিং হাঙ্গারের কাজীপুর ইউনিয়নের ইয়ুথ ইউনিটের

বর্তমান সমন্বয়কারী মিকদাদ হোসেনে একাদশ ও সাবেক সমন্বয়কারী আশিকুজ্জামান ইউনিট একাদশ খেলায় অংশ নেয়।

উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট- বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দিন, মেহেরপুর জেলা পরিষদের সদস্য মুনছুর আলী, বেতবাড়িয়া গ্রাম উন্নয়ন (ভিডিটি) দলের সভাপতি ও অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক রুহুল হুদা, স্বেচ্ছাব্রতি নেতা মিজানুর রহমান বাঘা, কাজীপুর ইউনিয়ন ফোরামের সাধারণ সম্পাদক আব্দুল হাদী, সহ-সভাপতি শাহ আলম সাহাব, কাজীপুর ইউনিয়ন ভিডিটির সভাপতি ও সাবেক ছাত্রনেতা আব্দুল আলীম, সাধারণ সম্পাদক অমেদ আলী, মকবুল হোসেন, ভিডিটি সভাপতি আব্দুর রব বিশ্বাস,জাতীয় কন্যা শিশু এ্যাডভোকেসি ফোরামের কাজীপুর ইউনিয়ন কমিটির সভাপতি আশরাফুল আলম, ভিডিটি দলের সভাপতি শফিকুল ইসলাম ইকবল, দি হাঙ্গার প্রজেক্টের কাজীপুর ইউনিয়নে সমন্বয়কারী রোকনুজ্জামানসহ ইয়ূথ এ্যান্ডিং হাঙ্গারের স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলার প্রথমার্ধে ২৫ মিনিটের সময় মিকদাদ একাদশের ১১ নং খেলোয়াড় শাকিব হোসেন একটি গোল ও দ্বিতীয়ার্ধের ১৪ মিনিটের সময় একই দলের অপর খেলোয়াড় ৪ নং খেলোয়াড় মাসুদ রানা অপর গোলটি করেন। পরে বিজয়ী এবং বিজীত দলের খেলোয়াড়দের হাতে ট্রফি ও মেডেল পরিয়ে দেন অতিথিরা। খেলাতে রফরির দায়িত্ব পালন করেন আব্দুল হামিদ।

মেহেরপুরে ১ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী ১ জন। বুধবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮২ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ২৫ জন।

[illegible]

[illegible]